

## বাংলাদেশ এসোসিয়েশন অব অস্ট্রেলিয়ার ইফতার মাহফিল সম্পন্ন

৩০শে সেপ্টেম্বর ২০০৭ রবিবার ইস্টলেইকস সেন্ট স্টিভেন কমিউনিটি হলে এক বিশেষ ইফতার মাহফিলের আয়োজন করা হয়েছিল বাংলাদেশ বাংলাদেশ এসোসিয়েশন অব অস্ট্রেলিয়ার পক্ষ থেকে। বাংলাদেশ কমিউনিটির অনেক মানুষ উপস্থিত হয়েছিলেন এই ইফতার মাহফিলে। এসোসিয়েশনের আমন্ত্রণে যারা উপস্থিত হয়েছিলেন তাদের মধ্যে প্রাক্তন সভাপতিবৃন্দ নজরুল ইসলাম, ড. মোখলেসুর রহমান, শেখ হাসিনা মুক্তি পরিষদের আহ্বায়ক মিজানুর রহমান তরুণ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের সাধারণ সম্পাদক হাব্বুনুর রশিদ আজাদ, একুশে একাডেমির শামীম আল নোমান, বঙ্গবন্ধু পরিষদের সদস্য সচিব ড. রোনাল্ড পাত্র, বিদেশ বাংলা টেলিভিশনের পরিচালক রহমতউল্লাহ, স্বদেশ বার্তা সম্পাদক লুৎফর রহমান শাওন অন্যতম।

এসোসিয়েশনের সভাপতি গামা আব্দুল কাদির এর স্বাগত বক্তব্য দিয়ে অনুষ্ঠানের সূচনা হয় এবং ইফতার পূর্ব ধর্মীয় আলোচনা ও মাহফিল পরিচালনা করেন বাংলাদেশ ইসলামিক সেন্টারের সেফটন মসজিদের ইমাম ড. আব্দুল করিম কাছিমি। ইফতার পর্ব শেষে মাগরেবের নামাজ সমাপ্ত হলে উপস্থিত সকলকে নৈশ ভোজে আপ্যায়ন করা হয় - কায়সার আহমেদ

